গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩- ১১(৬০)  তারিখ : ০৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ। ২২ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয় : উপজেলা পরিষদ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জানুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২২.০১.২৩
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোন:০৫৮২৬-৫৬২০৩
ফ্যাক্স:০৫৮২৬-৫৬১৪৩।

.............................................................................
.............................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. অফিস নথি।

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম।

বিষয় : উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ খ্রিষ্টাব্দ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
তারিখ : ২৫ জানুয়ারি ২০২৩ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। এরপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনাঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি হোল্ডিং ট্যাক্স আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | হোল্ডিং ট্যাক্স আদায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কর্মকান্ড স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, সেবামূলক কার্যক্রম নিয়মিত চলমান আছে। এখনকার কোভিড-১৯ ভ্যারিয়েন্ট ফুসফুসকে আক্রান্ত করে। করোনা প্রতিরোধ ভ্যাকসিনের ৩য় ডোজ গ্রহণের মেয়াদ ৪মাস পূর্ণ হলে ৪র্থ ডোজ গ্রহণ করা যাবে। এছাড়া তিনি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মহিলাদের জরায়ু ও স্তনের ক্যান্সার বিনামুল্যে চিকিৎসা প্রদান ও অপারেশন করা হয়। এবিষয়ে বিশেষ প্রচার প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>এবিষয়ে চেয়ারম্যান, সন্তোষপুর ও কেদার ইউনিয়ন পরিষদ জানান, মহিলাদের জরায়ু ও স্তনের ক্যান্সার রোগ প্রতিরোধে ইউনিয়ন ভিত্তিক অথবা ২-৩টি ইউনিয়ন মিলে ১টি করে ক্যাম্প করে সচেতনতা মুলক সভা, সেমিনার ও প্রচার প্রচারণার ক্ষেত্রে এনজিও কর্মীদের সম্পৃক্ত করার পরামর্শ প্রদান করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | মাঠ পর্যায়ে মহিলাদের জরায়ু ও স্তনের ক্যান্সারে বিনামূল্যে চিকিৎসা করার বিষয়টি ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ৩। উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান বোরো মৌসুমের ধানের চারা রোপন চলমান রয়েছে। এ মৌসুমে বোরো ধান আবাদের লক্ষমাত্রা ২৩,৪৭৫ হেক্টর জমি। এ পর্যন্ত প্রায় ১০২৫ হেক্টর জমিতে ধান রোপন সম্পন্ন হয়েছে। চরাঞ্চলের জমিতে সেচ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কৃষকদের মাঝে ফিতা পাইপ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ মৌসুমের জন্য পর্যাপ্ত সার মজুদ আছে।<br>চেয়ারম্যান, নেওয়াশী ইউনিয়ন পরিষদ জানান, বর্তমানে আমের মুকুল আসা শুরু হয়েছে। পোকা-মাকরের আক্রমণ থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন।<br>পরিশেষে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | কৃষকদের ধান রোপন কার্যক্রম নিয়মিত মনিটরিং, আমে মুকুল রক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নাগেশ্বরী। |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪। উপজেলা মৎস্য বিভাগ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। এ বছর সরকার কর্তৃক জাতীয় মৎস্য পদক প্রদানের লক্ষ্যে মৎস্যচাষীগণের নিকট হতে আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য খাতে বিশেষ অবদানের জন্য এ পদক প্রদান করা হবে। আগ্রহী মৎস্যচাষীগণকে অনলাইনে আবেদন করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে।<br>নাগেশ্বরী উপজেলাধীন ২০একর পর্যন্ত (মন্নেয়ার পাড়, কেশরিয়ার, ভেলকারদহ ছড়া, কালাপাটের কুড়া, ছোটমানি-বড়মানি) ৫টি জলাশয় ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ৩বছরের জন্য ইজারা বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি আগামী ০৮/০২/২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | 'জাতীয় মৎস্য পদক' সংক্রান্ত আবেদনের বিষয়ে মৎস্যচাষীগণকে উৎসাহ প্রদান ও জলাশয় ইজারার অনলাইন বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, নাগেশ্বরী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ছাগলের পিপিআর রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এটি সংক্রামক রোগ হওয়ায় ছাগল দ্রুত মারা যেতে পারে। এ রোগের লক্ষণ দেখা দেয়া মাত্রই উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যোগযোগ পূর্বক টিকা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে সকল খামারি ও গবাদি পশুপালনকারীগণকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে চেয়ারম্যান, নারায়ণপুর ইউপি জানান পিপিআর রোগের সংক্রমনে তার ইউনিয়নে শতাধিক ছাগল মারা গেছে। তার ইউনিয়নটি দূর্গম এলাকা হওয়ায় ক্যাম্প করে সংক্রামক রোগের টিকা ও অন্যান্য সেবা প্রদানের অনুরোধ করেন। অতঃপর তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ছাগলের পিপিআর রোগের প্রাদুর্ভাব রোধে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ। | উপজেলা প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নাগেশ্বরী উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্প সমূহ মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। নারায়নপুর ইউনিয়নের অষ্টআশির ঘাট হতে নারায়ণপুর পর্যন্ত ইউনিব্লক রাস্তা নির্মাণের লক্ষ্যে শীঘ্রই দরপত্র আহ্বান করা হবে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল), |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, সহকারী শিক্ষক নিয়োগ-২০২০ এর আওতায় এ উপজেলায় ১২৫জন শিক্ষক পদায়ন করা হয়েছে। গত ২৪/০১/২০২৩ নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ বিদ্যালয়ে যোগদান করেছেন। উপজেলা নির্বাহী অফিসার জানান, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নিয়মিত ও যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত থাকেন কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তদারকির নির্দেশনা প্রদান করেন।<br>চেয়ারম্যান, বেরুবাড়ী ও নারায়ণপুর ইউনিয়ন পরিষদ জানান, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান ও শিক্ষক অনুপস্থিতির কারণে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। এছাড়া অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ের আশেপাশে অনুমোদনহীন বিভিন্ন মাদ্রাসা গড়ে উঠছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | শিক্ষার মান অক্ষুন্ন রাখা ও শিক্ষক অনুপস্থিতির বিষয়টি তদন্তপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, গত মাসে জেলায় সেবা সপ্তাহ উপলক্ষ্যে তার দপ্তর ১ম স্থান অধিকার করেছে। প্রতিটি ইউনিয়নে ক্যাম্প করে স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। আগামী মাসে নারায়ণপুর ইউনিয়নে স্বাস্থ্য সেবা ক্যাম্প করা হবে।<br>তিনি বেরুবাড়ী ও হাসনাবাদ ইউনিয়ন মা ও শিশুকল্যাণ কেন্দ্রে আসবাবপত্র সরবরাহ করায় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলায় সকল মাধ্যমিক ও মাদরাসাসমূহের শিক্ষার মানোন্নয়নে নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ফলে আশানুরূপ ফলাফল পাওয়া যাচ্ছে। নতুন কারিকুলাম বাস্তবায়নে শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নতুন কারিকুলামের অর্ন্তভূক্ত পাঠ্যপুস্তকে কোন প্রকার ত্রুটি থাকলে তা কর্তৃপক্ষ সংশোধনের ব্যবস্থা করবেন এবিষয়ে কোন প্রকার গুজব ছড়ানো যাবে না মর্মে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়াও তিনি জানান, সন্তোষপুর আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ২জন অফিস সহায়ক ও অফিস সহকারী নিয়োগের বিষয়ে অত্র বিদ্যালয়ের সভাপতির অভিযোগের প্রেক্ষিতে প্রধান শিক্ষক বরাবর ২বার পত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রের জবাব না পাওয়ায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।<br>চেয়ারম্যান, কেদার ইউনিয়ন পরিষদ জানান, কেদার ইউনিয়ন অবস্থিত বিদ্যালয় সমূহের শিক্ষার মান সন্তোষজনক নয়। তন্মধ্যে বালিকা বিদ্যালয়টি একটু ভালো অবস্থানে আছে। সকল বিদ্যালয়ের শিক্ষার মান ও ছাত্র-ছাত্রীর উপস্থিতি নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন পরিষদ জানান, এ উপজেলার স্বনামধন্য বিদ্যালয়গুলোর মধ্যে একটি রায়গঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয় কিন্তু বর্তমানে শিক্ষক স্বল্পতা ও বিভিন্ন কারণে শিক্ষার মান সন্তোষজনক নয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।<br>অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | নতুন কারিকুলামের বিষয়ে গুজব প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সন্তোষপুর আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সার্বিক মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>রায়গঞ্জ বহুমূখী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক স্বল্পতা দূরীকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ। | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৷ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ। | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে প্রতিবন্ধী ভাতাভোগীর চুড়ান্ত তালিকায় অন্তর্ভূক্ত ব্যক্তিগণের মোবাইল ব্যাংকিং নম্বরে ভাতা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। মোবাইল ব্যাংকিং নম্বর ত্রুটির কারণে কেউ ভাতা না পেলে তারা অফিসে যোগাযোগ করলে দ্রুত সংশোধন পূর্বক ভাতা প্রদানের ব্যবস্থা করা হবে। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | প্রতিবন্ধী ভাতাভোগীর চূড়ান্ত তালিকায় অন্তর্ভূক্ত ব্যক্তিগণের মোবাইল ব্যাংকিং নম্বর ভুল থাকলে তা দ্রুত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য এ উপজেলার সন্তোষপুর, রায়গঞ্জ ও নেওয়াশী ইউনিয়নে ৩টি স্থান নির্ধারণ করা হয়েছে। সেখানে গুচ্ছাকারে ৮৬টি গৃহ নির্মাণ কার্যক্রম শুরু হয়েছে। কাবিখা প্রকল্পের খাদ্য শষ্য (চাল ও গম) উত্তোলনের সময়সীমা ৩১ জানুয়ারি ২০২৩ নির্ধারণ করা হয়েছে। কচাকাটা ইউপির তরীর হাট ব্রীজ নির্মাণের কাজ শুরু হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মাণাধীন গৃহের গুণগত মান শতভাগ নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | উপজেলা সহকারী প্রোগ্রামার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিভিন্ন দপ্তরের যাদের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য বিশেষভাবে বলেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস প্রদান করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। আবেদন গ্রহণ শেষে উপজেলা মূল্যায়ন কমিটির সভায় চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। এ বিষয়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। এছাড়া মহিলাদের আত্নকর্মসংস্থান মূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | মা ও শিশু সহায়তা কর্মসূচীর সুবিধাভোগীগণের অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, উপজেলা যুব উন্নয়ন অফিস দীর্ঘদিন যাবত বাইরে ভাড়া বাসায় কার্যক্রম পরিচালনা করে আসছিল। এতে অফিসের নিরাপত্তা ও কার্যক্রম ব্যাঘাত সৃষ্টি হচ্ছিল। উপজেলা পরিষদের পুরাতন দ্বিতল অফিস ভবনের নীচতলায় ০৩টি কক্ষ বরাদ্দ প্রদান করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। ন্যাশনাল সার্ভিস কর্মসূচী চালুর বিষয়ে মন্ত্রণালয়ের কোন প্রকার নির্দেশনা নাই। এ বিষয়ে কেউ কোন প্রকার আর্থিক লেনদেন বা গুজব সৃষ্টি করতে না পারে এজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। যুবদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | ন্যাশনাল সার্ভিস কর্মসূচী সংক্রান্ত কোন প্রকার আর্থিক লেনদেন বা গুজব সৃষ্টি করতে না পারে এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান নিরাপদ সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে অত্র উপজেলায় ৩৫-৪০টি পরিবারের মধ্যে ডিপ টিউবওয়েল সংযোগ প্রদানের জন্য ৩৫টি ৫০০-৬০০ ফিট গভীর ডিপ টিউবওয়েলের বরাদ্দ পাওয়া গেছে। ঠিকাদার নিয়োগ সম্পন্ন হয়েছে। চাহিদা অনুযায়ী প্রকল্প সংশ্লিস্ট ইউনিয়নে প্রকল্প স্থান নির্ধারণ করার অনুরোধ জানান। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও বরাদ্দকৃত ডিপ টিউবওয়েলগুলোর স্থান নির্বাচন করে দ্রুততম সময়ের মধ্যে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।<br>৪। চেয়ারম্যান, .... ইউনিয়ন পরিষদ (সকল) |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৭। কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান এ উপজেলায় গ্রাহক পর্যায়ে প্রায় ০৭ কোটি টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া আদায়ের লক্ষ্যে গতমাসে প্রায় ৬৭টি সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। বর্তমানে চাহিদা অনুযায়ী ০৮ মেগাওয়াট বিদ্যুৎ প্রয়োজন পাওয়া যাচ্ছে মাত্র ০৪ মেগাওয়াট। পর্যাপ্ত বিদ্যুৎ না পাওয়ার কারণে লোড সেডিং হচ্ছে। সাময়িক অসুবিধার জন্য সকলের সহযোগিতা ও বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান কেদার জানান, লোডশেডিংয়ের সময় নির্ধারণ করা গেলে মানুষের ভোগান্তি কিছুটা কমবে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br>সভায় ডেপুটি জেনারেল ম্যানেজার সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িলা পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী যোনাল অফিস।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্টেশন অফিসার, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ১৯। উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ২১। উপজেলা বিএমডিএ বিভাগ। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী। |
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম |
| ২৩। উপজেলা নির্বাচন বিভাগ। | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ২৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ২৫। উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, বন বিভাগের অফিস ঘরটি অনেক পুরাতন ও জরাজীর্ন হওয়ায় যেকোন প্রাকৃতিক দুর্যোগে ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ঘরটি মেরামত | বন বিভাগের অফিস ঘরটি পরিদর্শন পূর্বক পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কেদার ইউপির ঝুঁকিপূর্ণ গাছ | উপজেলা বন কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম। |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অথবা নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সভায় অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, কেদার ইউনিয়ন পরিষদ জানান, ১নং ওয়ার্ডের স্কুলগামী রাস্তায় প্রায় ৮টি ঝুঁকিপূর্ণ গাছ অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | অপসারণের লক্ষ্যে সরেজমিন তদন্ত পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৬। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা বিএডিসি কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ২৭। বিবিধ আলোচনা-১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম জানান, প্রাথমিক, মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার মান বজায় রাখার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও সার্বক্ষণিক মনিটরিং করার জন্য উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ২৭। বিবিধ আলোচনা-২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় জানান, প্রায় সময়ই শোনা যায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের অনেক শিক্ষার্থী পড়াশোনা থেকে ঝড়ে পড়ে যায়। ঝড়ে পড়ে রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও ঝড়ে পড়া শিক্ষার্থীর তালিকা প্রস্তুতপূর্বক তাদের শিক্ষামুখী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন।<br>এ বিষয়ে তিনি ঝড়ে পড়া শিক্ষার্থীদের প্রয়োজনে প্রণোদনা প্রদানের সুপারিশ করেন। | ঝড়ে পড়া শিক্ষার্থীর তালিকা প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |
| ২৭। বিবিধ আলোচনা-৩ | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম সভায় জানান যে, এ উপজেলায় পেরিফেরীভুক্ত ২৪টি হাট-বাজার রয়েছে। জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় কর্তৃক নাগেশ্বরী উপজেলায় রামখানা ইউনিয়নে 'আজমাতা ব্যাপারীহাট', কালীগঞ্জ ইউনিয়নে 'জনতার হাট', ভিতরবন্দ ইউনিয়নে 'সুখানদিঘী' হাট-বাজার পেরিফেরী ভুক্ত করেছেন। এমতাবস্থায় ১৪৩০ বঙ্গাব্দের ইজারা বন্দোবস্তের লক্ষ্যে উপজেলা পরিষদের ক্যালেন্ডারভুক্ত করার প্রস্তাব এবং উক্ত হাট-বাজার সমূহের সর্বনিম্ন সরকারি ইজারামুল্য নির্ধারণের জন্য সভায় অনুরোধ করেন। | নাগেশ্বরী উপজেলায় রামখানা ইউনিয়নে 'আজমাতা ব্যাপারীহাট', কালীগঞ্জ ইউনিয়নে 'জনতার হাট', ভিতরবন্দ ইউনিয়নে 'সুখানদিঘী' হাট-বাজার পেরিফেরী ভুক্ত করণ ও নিম্নোক্তহারে ইজারামূল্য নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>হাট-বাজারের নাম — ইজারামূল্য<br>আজমাতা ব্যাপারীহাট — ২৭,০০০/-<br>সুখানদিঘী — ১৫,০০০/-<br>জনতার হাট — ২৭,০০০/- | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ডিসেম্বর/২০২২ মাসের ব্যয় বিবরনীঃ

| ক্রঃন | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. | ০৪/১২/২২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২২ মাসের বাড়ীভাড়া ও সম্মানী প্রদান বাবদ | ৯৯,০০০/- |
| ২. | ০৪/১২/২২ | উপজেলা পরিষদের নভেম্বর/২২ মাসের আনুসঙ্গিক বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ৩. | ০৪/১২/২২ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর(মালী) নভেম্বর/২২, মাসের মজুরী বিল প্রদান | ১৪,৮৫০/- |
| ৪. | ০৪/১২/২২ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর(পরিচ্ছন্নতাকর্মী) নভেম্বর/২২, মাসের মজুরী বিল প্রদান | ১৪,৮৫০/- |
| ৫. | ১৯/১২/২২ | মোঃ মহির উদ্দিন, পিতা-মৃত ফয়েজ উদ্দিন, গোপালপুর সন্তোষপুর, নাগেশ্বরী, কুড়িগ্রামকে চিকিৎসা সহায়তা প্রদান বাবদ | ৫,০০০/- |
| ৬. | ১৯/১২/২২ | মোঃ মনিরুজ্জামান, পিতা- মোঃ হযরত আলী, রাঙ্গালীরবস, রায়গঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রামকে চিকিৎসা সহায়তা প্রদান বাবদ | ৫,০০০/- |
| ৭. | ১৯/১২/২২ | সভাপতি, কালীগঞ্জ পূর্ব বাজার জামে মসজিদ কমিটি, নাগেশ্বরী, কুড়িগ্রাম মসজিদ মেরামতের জন্য আর্থিক সহায়তা প্রদান। | ২০,০০০/- |
| ৮. | ২০/১২/২২ | মোঃ জয়নুল আবেদীন, পিতা- মোঃ আবু বকর সিদ্দিক, গোপালপুর বোর্ডেহাট, নাগেশ্বরীকে চিকিৎসা সহায়তা প্রদান বাবদ | ৫০০০/- |

| ক্র:নং | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ৯. | ২৭/১২/২২ | আদনান ইবনে আজহার, শিক্ষার্থী, উপজেলা প্রশাসন স্কুল এন্ড কলেজ নাগেশ্বরীকে শিক্ষা সহায়তা প্রদান | ৫,০০০/- |
| ১০. | ২৭/১২/২২ | এশিয়া হোটেল নাগেশ্বরীকে, উপজেলা পরিষদের নভেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান বাবদ। (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১১. | ২৭/১২/২২ | উপজেলা পরিষদ চত্বরের চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন, গাছের ডালপালা কর্তন ও বাগানের মাটিভরাট করণসহ মজুরি বিলবাবদ প্রদান | ২৫,০০০/- |
| ১২. | ২৭/১২/২২ | মোঃ আব্দুল আউয়াল, হাজীপাড়া, নাগেশ্বরী, কুড়িগ্রামকে মেয়ের বিবাহ উপলক্ষে আর্থিক সহায়তা প্রদান বাবদ | ৫,০০০/- |
| | | মোট= | ২,৩৩,৭০০/- |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে উপরোল্লিখিত সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য বাবদ ২,৩৩,৭০০/-(দুই লক্ষ তেতত্রিশ হাজার সাতশত) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩-২৪৯(৬০)

তারিখ: ১৯ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ।
০২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. উপজেলা ....................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. চেয়ারম্যান, ....................................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. জনাব .................................................................................... নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. অফিস কপি।

২৫/১/২৩
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।